# মুখতাসার যাদুল মা‘আদ

বিভাগ/অধ্যায়ঃ অনুচ্ছেদ সমুহের সূচী ও বিবরন

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনুল কাইয়্যিম (রহঃ)

মোজার উপর মাসাহ করা ও তার সময়সীমা

সফর ও নিজ বাড়ীতে অবস্থান করার সময় মোজার উপর মাসাহ করার হাদীস সহীহ সূত্রে বর্ণিত হয়েছে। মুকীমের জন্য এক দিন এক রাত এবং মুসাফিরের জন্য তিন দিন তিন রাত সময় নির্ধারণ করেছেন। তিনি মোজার উপরের অংশ মাসাহ করতেন। কাপড়ের মোজার উপরও তিনি মাসাহ করতেন। এমনকি জুতার উপর মাসাহ করার হাদীসও সহীহ সূত্রে বর্ণিত হয়েছে।

তিনি শুধু পাগড়ির উপর মাসাহ করেছেন এবং মাথার প্রথমাংশ মাসাহ করে বাকী অংশের উপর পরিহিত পাগড়ির উপর দিয়েও মাসাহ করেছেন। তবে সম্ভবতঃ বিশেষ প্রয়োজনে তা করেছেন। এও হতে পারে যে মোজার উপর মাসাহ করার ন্যায় সকল অবস্থাতেই তা জায়েয। এটিই অধিক সুস্পষ্ট। আল্লাহই ভাল জানেন।

তাঁর পা দু'টি যখন মোজা দ্বারা ঢাকা থাকত তখন তিনি তার উপর মাসাহ করতেন এবং খালি থাকলে তা ধৌত করতেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3732

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন